



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১৪

০৫ মে ২০২৬

তারিখঃ -----

২২ বৈশাখ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

আসন্ন ঈদুল আজহা উপলক্ষে চামড়া ব্যবসায়ীগণের অনুকূলে ঋণ বিতরণ প্রসঙ্গে।

চামড়া শিল্প দেশীয় কাঁচামাল ভিত্তিক রপ্তানিমুখী শিল্প। জাতীয় প্রবৃদ্ধি, কর্মসংস্থান, বৈদেশিক মুদ্রা আয় ও সাশ্রয় এবং মূল্য সংযোজনের নিরিখে এটি একটি সম্ভাবনাময় খাত। চামড়া শিল্পে সারা বছর ধরে ব্যবহৃত কাঁচামালের প্রায় অর্ধেক যোগান আসে প্রতি বছর পবিত্র ঈদুল আজহা উপলক্ষে কোরবানিকৃত পশুর চামড়া থেকে। ২০২৬ সালের কোরবানির ঈদ আসন্ন। সুতরাং এ সময় কাঁচা চামড়া (Raw hide) ব্যবসায়ীদের নিকট প্রয়োজনীয় অর্থের সরবরাহ থাকলে তা জাতীয় সম্পদ চামড়া ক্রয়, সংরক্ষণ ও বিপণনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

- এমতাবস্থায়, আসন্ন ঈদুল আজহা উপলক্ষে কাঁচা চামড়া ক্রয়ের নিমিত্ত বিধি মোতাবেক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যবসায়ীগণের অনুকূলে চলতি মূলধন ঋণ সীমা মঞ্জুর ও বিতরণ নিশ্চিতকরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো। এ উদ্দেশ্যে বরাদ্দকৃত ঋণের সুষ্ঠু বিতরণ নিশ্চিতকরণসহ তৃণমূল পর্যায়ে চামড়া ক্রয় কার্যক্রমে জড়িতদের নিকট পৌঁছে দেওয়ার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।
- চামড়া ব্যবসায়ীগণের ইতোপূর্বের পুনঃতফসিলকৃত ঋণ থাকলে, ২০২৬ সালের কোরবানিকৃত পশুর কাঁচা চামড়া ক্রয়ের উদ্দেশ্যে নতুন ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে পুনঃতফসিলকৃত ঋণস্থিতির বিপরীতে কম্প্রাইজড এমাউন্ট আদায়ের বাধ্যবাধকতা ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত শিথিল করা হলো।
- উপরোক্ত নির্দেশনাসমূহ পরিপালনার্থে, ব্যাংকসমূহকে ২০২৬ সালে কোরবানির পশুর কাঁচা চামড়া ক্রয়ের জন্য ঋণ বিতরণের একটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। ২০২৬ সালের লক্ষ্যমাত্রা গত ২০২৫ সালের ঈদুল আজহা উপলক্ষে নির্ধারিত লক্ষ্যমাত্রার তুলনায় কম নির্ধারণ করা যাবে না। নির্ধারিত লক্ষ্যমাত্রা ও বিতরণকৃত ঋণের তথ্য 'সংযোজনী-ক' মোতাবেক ৩১ জুলাই ২০২৬ তারিখের মধ্যে পরিচালক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে।
- ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি-১)

ফোনঃ ৯৫৩০২৫২

ঈদুল আজহা ২০২৬ উপলক্ষে কোরবানিকৃত পশুর চামড়া ক্রয়ের জন্য প্রদত্ত/ প্রদানযোগ্য ঋণের তথ্য।

ব্যাংকের নামঃ

(কোটি টাকায়)

২০২৬ সালে কোরবানিকৃত পশুর কাঁচা চামড়া ক্রয়ের জন্য ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা	৩০/০৬/২০২৬ তারিখ পর্যন্ত বিতরণকৃত ঋণের পরিমাণ	প্রতিষ্ঠান/ ব্যবসায়ীর সংখ্যা	লক্ষ্যমাত্রার তুলনায় বিতরণ সন্তোষজনক না হলে তার কারণ

যোগাযোগের জন্য মনোনীত কর্মকর্তার

নামঃ

পদবীঃ

মোবাইল নংঃ

স্বাক্ষর

(ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা)